



গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
রাজবাড়ী।
(E-mail:rajbari@dghs.gov.bd)

“মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ”

স্মারক নং- সিএসআর/হিসাব-শাখা/পোষাক-দরপত্র/২০২০/

তারিখঃ

“কোটেশন বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ২০১৯-২০২০ অর্থ বৎসরের নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয়ে কর্মরত নন-গেজেটেড(জাতীয় বেতন স্কেলের ১৬ - ২০ গ্রেডভুক্ত) কর্মচারীদের বিদ্যমান দাপ্তরিক পোষাক (গ্রীষ্ম ও শীতকালীন) ও আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের নিমিত্তে প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীল মোহরকৃত খামে স্থানীয় ভাবে কোটেশন আহ্বান করা যাইতেছে।

ক্রঃ নং	পোষাক ও আনুষঙ্গিক দ্রব্যাদির বিবরণ	সংখ্যা	পোষাক ও আনুষঙ্গিক দ্রব্যাদির বিবরণ	সংখ্যা
গ্রীষ্মকালীন ও শীতকালীন-গাড়ীচালক (পুরুষ) :-			গ্রীষ্মকালীন ও শীতকালীন (পুরুষ ও মহিলা) :-	
০১	হাফ সাফারী (মজুরীসহ),কাল/এ্যাস কালার	০৩ সেট	হাফ সাফারী (মজুরীসহ),কাল/এ্যাস কালার	০৪ সেট
০২	ফুল সাফারী (মজুরীসহ),কাল/ এ্যাস কালার	০১ সেট	ফুল সাফারী (মজুরীসহ),কাল/ এ্যাস কালার	০৪ সেট
০৩	ভি-গলা ফুল সোয়েটার (নেভি ব্লু)	০১ টি	জর্জেট/সিল্ক সমমানের শাড়ী (সবুজ রং)	০৪ টি
০৪	জুতা (কাল)	০২ জোড়া	সুতি শাড়ী (সবুজ রং)	০৪ টি
০৫	স্যাভেল সু (কাল)	০২ জোড়া	ফুল সার্ট (মজুরীসহ), সাদা রং	০৪ টি
০৬	মোজা (কাল)	০৪ জোড়া	ভি-গলা ফুল সোয়েটার (নেভি ব্লু)	০৪ টি
০৭	ছাতা (কাল)	০১ টি	শাল অথবা সোয়েটার	০২ টি
০৮	ক্যাপ (সাদা)	০২ টি	ফুল হাতা ব্লাউজ (মজুরীসহ)	০২ টি
০৯	নাম ফলক	০১ টি	স্যাভেল/ জুতা (কাল)	২৪ জোড়া
১০	-	-	মোজা (কাল)	২৪ জোড়া
১১	-	-	ছাতা (কাল)	১২ টি
১২	-	-	নাম ফলক	০৬ টি

শর্তাবলী :

- কোটেশন আগামী ১৬/০৩/২০২০ ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকার মধ্যে সিভিল সার্জন, রাজবাড়ী এর কার্যালয়ে রক্ষিত কোটেশন বাক্সে ফেলিতে হইবে এবং ঐ দিনই বেলা ১১-৩০ মিনিটের সময় কোটেশন কমিটি কর্তৃক কোটেশন বাক্স খোলা হইবে। কোটেশন দাখিল ইচ্ছা করিলে উপস্থিত থাকিতে পারিবেন।
- দরপত্রের সাথে স্যাম্পল হিসাবে পোষাকের কাপড়ের কাটিং জমা দিতে হইবে।
- উন্নত মানের কাপড় দ্বারা প্রত্যেক কর্মচারীর সঠিক মাপ মোতাবেক আলাদা ভাবে পোষাক তৈরী করে সরবরাহ করিতে হইবে।
- কোটেশনদাতাকে দাপ্তরিক সিডিউলে দরপত্র দাখিল করিতে হইবে এবং আইটেম ওয়ারী একক দর অংকে ও কথায় স্পষ্ট অঙ্করে লিখিতে হইবে।
- একটি খামে একটি কোটেশন দাখিল করিতে হইবে এবং খামের উপর কোটেশনদাতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখিতে হইবে।
- কোটেশনের সহিত হাল নাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ এবং আর্থিক স্বচ্ছতার সনদ সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- সরবরাহকারী প্রতিষ্ঠানের বিল হইতে সরকারী বিধি মোতাবেক আয়কর ভ্যাট ইত্যাদি কর্তন করা হইবে।
- কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে মালামাল সরবরাহ করিতে হইবে।
- কোটেশনে উল্লেখিত স্পেসিফিকেশন অনুযায়ী মালামাল সরবরাহ করিতে হইবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সর্বনিম্ন অথবা যে কোন কোটেশন গ্রহণ আংশিক গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এতদসংক্রান্ত ব্যাপারে কর্তৃপক্ষের দিকান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। কোটেশনদাতা এই ব্যাপারে আইনের আশ্রয় গ্রহণ করিতে পারিবেন না।

(ডাঃ মোঃ নূরুল ইসলাম)
কোড-১০৯৭৫৮
সিভিল সার্জন, রাজবাড়ী।
তারিখঃ ০৮/০৩/২০২০ ইং।

স্মারক নং- সিএসআর/হিসাব-শাখা/পোষাক-দরপত্র/২০২০/১৬৯৫/১৫
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল।

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক(অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক(বাজেট)।
- ৩। পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ৫। পুলিশ সুপার, রাজবাড়ী।
- ৬। জেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী।
- ৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজবাড়ী।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা(সকল), রাজবাড়ী।
- ৯। নোটিশ বোর্ড, সিভিল সার্জন অফিস, রাজবাড়ী।
- ১০। অফিস কপি।

০৪
সিভিল সার্জন
রাজবাড়ী।
০৮/০৩/২০